# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৩৫

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ আবূ বকর সিদ্দীক (রাঃ) এর মাহাত্ম্য

আরবী

عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ قَالَ فِي مَرَضِهِ مُرُوا أَبَا بَكْرٍ يُصَلِّي بِالنَّاسِ قَالَتْ عَائِشَةَ قُلْتُ إِنَّ أَبَا بَكْرٍ إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعْ النَّاسَ مِنْ الْبُكَاءِ فَمُرْ عُمَرَ فَلْيُصَلِّ فَقَالَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ لِلنَّاسِ قَالَتْ عَائِشَةَ لِحَفْصَةَ قُولِي لَهُ إِنَّ أَبَا بَكْرٍ إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعْ النَّاسَ مِنْ الْبُكَاءِ فَمُرْ عُمَرَ فَلْيُصَلِّ لِلنَّاسِ فَفَعَلَتْ حَفْصَةُ فَقَالَ رَسُوْلُ اللهِ ﷺ مَهْ إِنَّكُنَّ لَأَنْتُنَّ صَوَاحِبُ يُوسُفَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ لِلنَّاسِ

বাংলা

(২৮৩৫) আয়েশা [ও আবূ মূসা (রাঃ)] বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসুস্থ হয়ে পড়লেন। তাঁর অসুস্থতা খুব বেড়ে গেল। নামাযের আযান হলে তিনি বললেন, ''তোমরা আবূ বকরকে আদেশ কর, যেন লোকেদের ইমামতি করে।''

লোকেরা কোন অশুভ ধারণা করবে এই আশঙ্কায় আয়েশা বললেন, 'উনি তো নরম মানুষ। আপনার জায়গায় দাঁড়ালে উনি লোকেদের ইমামতি করতে পারবেন না। কুরআন পড়ার সময় কান্নায় লোকেদেরকে আওয়াজ শোনাতে পারবেন না।'

তিনি আবারও বললেন, ''তোমরা আবূ বকরকে আদেশ কর, যেন লোকেদের ইমামতি করে।''

আয়েশাও একই কথার পুনরাবৃত্তি করলেন।

তিনি আয়েশাকে সম্বোধন ক'রে বললেন, ''তুমি আবূ বকরকে আদেশ কর, যেন লোকেদের ইমামতি করে।''

তবুও আয়েশা মানলেন না। তিনি হাফসাকে ঐ একই কথা বলতে বললেন। হাফসা তাঁকে বললেন, 'আবূ বকর নরম মানুষ। আপনার জায়গায় দাঁড়ালে উনি লোকেদের ইমামতি করতে পারবেন না। আপনি বরং উমারকে আদেশ করুন, লোকেদের ইমামতি করুক।'

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''থামো! তোমরা হলে ইউসুফ-কাহিনীর মহিলাদল। (যারা মুখে

বলেছিল এক, মনে রেখেছিল অন্য কিছু।) তোমরা আবূ বকরকে আদেশ কর, যেন লোকেদের ইমামতি করে।’’

সুতরাং আবূ বকর সিদ্দীককে বলা হলে তিনি লোকেদের ইমামতি করলেন। তাঁর জীবদ্দশায় তাঁর আদেশেই তিনি হলেন ইমাম।

## ফুটনোট

(বুখারী ৭১৬, ৭৩০৩, মুসলিম ৯৬৮, ৯৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66583

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন